

## গাজীপুর বিআইটির নয়া নামকরণের প্রতিবাদে ক্যাম্পাসে ছাত্রছাত্রীদের ভাংচুর অগ্নিসংযোগ

গাজীপুর, ১০ মে, নিউই সংবাদদাতা ॥ গাজীপুরস্থ বিআইটি-ঢাকার নামকরণকে কেন্দ্র করে মঙ্গলবার উচ্চশিক্ষা ছাত্রছাত্রীরা ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল করে। দিনব্যাপী বিক্ষোভকালে কয়েক বিক্ষুব্ধ ছাত্র প্রশাসনিক ভবনে হামলা চাণিয়ে আসবাবপত্র ভাংচুর ও অগ্নিসংযোগ করেছে। ছাত্রছাত্রীদের আন্দোলন নিয়ে গাজীপুরে অনন্তোষের সৃষ্টি হচ্ছে। একটি মহল ছাত্রছাত্রীদের উত্থান দিচ্ছে বলে সূত্রে জানা গেছে।

জানা গেছে, দেশের ৪টি বিআইটিকে (বাংলাদেশ ইনস্টিটিউট অব টেকনোলজি) প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে রূপান্তর করার একটি বিল সোমবার জাতীয় সংসদে উপস্থাপন করা হয়। বিলে গাজীপুরস্থ 'বিআইটি-ঢাকা'র রূপান্তর করে গাজীপুর প্রকৌশল ও

প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ডুয়েট) হিসাবে নামকরণের প্রস্তাব করা হয়। নামকরণের এ প্রস্তাবের প্রতিবাদে মঙ্গলবার সকাল ৯টা হতে কতিপয় উচ্চশিক্ষা ছাত্রছাত্রী গাজীপুরস্থ বিআইটি ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল বের করে। গাজীপুরস্থ বিআইটি-ঢাকাকে ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ডুয়েট) নামকরণের দাবিতে সকাল সাড়ে ১০টার নিকে বিক্ষোভকারী ছাত্রছাত্রীরা ক্যাম্পাসের প্রশাসনিক ভবনে হামলা চাণায় এবং দরহা, ছানালা, চেয়ার, টেবিলসহ আসবাবপত্র ভাংচুর করে। এ সময় বিক্ষুব্ধ ছাত্রকল্যাণ উপদেষ্টার চেয়ার-টেবিলে অগ্নিসংযোগ করে। দিনব্যাপী বিক্ষোভকালে ছাত্রছাত্রীরা বিভিন্ন ভবনে ইটপাটকেল নিক্ষেপ করে দরহা-জানালায়

(৭-পৃষ্ঠা ১-৩৪ কঃ স্পেন)

### গাজীপুর বিআইটির নয়া

(৮-এর পরের পত্র)

কাঁচ ভাংচুর করে। জয়দেবপুর থানার পুলিশ ঘটনাস্থলে উপস্থিত হয়। কিন্তু বিক্ষোভকারীরা ক্যাম্পাসে প্রবেশের দৃষ্টি প্রধান গেটেই তালা কুলিয়ে দেয়। ফলে পুলিশ ক্যাম্পাসে প্রবেশ করতে না পেরে ক্যাম্পাসের বাইরে গেট এলাকায় অবস্থান নেয়। বিকালে ক্যাম্পাসে শিক্ষক ও ছাত্র প্রতিনিধিগণ উদ্ভূত পরিস্থিতি নিয়ে বৈঠকে বসেন। এ রিপোর্ট লেখা পর্যন্ত (সন্ধ্যা ৬টা পর্যন্ত) বৈঠক চলছিল। বিক্ষুব্ধ ছাত্রছাত্রীরা জানায়, নামকরণ সংক্রান্ত বিষয়টি প্রায় মাসখানেক আগে কর্তৃপক্ষকে অবহিত করা হয়। কিন্তু বিআইটির পরিচালক, ছাত্রকল্যাণ বিষয়ক উপদেষ্টা এবং রেজিস্ট্রারের অবহেলার কারণে এ জটিলতার সৃষ্টি হয়। ছাত্রছাত্রীরা এ তিন কর্মকর্তার অপসারণের দাবি জানায়। ছাত্রছাত্রীরা আন্দোলনের কর্মসূচী ঘোষণা করে বলে জানা যায়। অপর একটি সূত্র জানায়, প্রতিষ্ঠানের কতিপয় কর্মকর্তা বিক্ষুব্ধ ছাত্রদের উত্থান দিচ্ছে।

এদিকে উচ্চশিক্ষা ছাত্রছাত্রীদের দাবির প্রেক্ষিতে গাজীপুরবাসীর মাঝে অনন্তোষের সৃষ্টি হয়েছে। গাজীপুরের গণ্যমান্য ব্যক্তিবর্গ উচ্চশিক্ষা ছাত্রছাত্রীদের দাবিকে অযৌক্তিক বলে অভিহিত করেছেন। তাঁদের মতে, গাজীপুরের প্রতিষ্ঠানকে ভিন্ন এলাকার নামে নামকরণ করা উচিত নয়।